

দেশি-বিদেশি পর্যটকদের মূল আকর্ষণ এখন পার্বত্য চট্টগ্রাম - উপদেষ্টা সুপ্রদীপ চাকমা

- A Monitor Desk Report

Date: 07 April, 2025



ঢাকা: পার্বত্য চট্টগ্রামবিষয়ক উপদেষ্টা সুপ্রদীপ চাকমা বলেছেন, এবারের রোজার ঈদে পার্বত্য চট্টগ্রামে যে পরিমাণ পর্যটক এসেছে, তাদের সেবা দিতে জেলা প্রশাসনকে স্টেডিয়াম খালি করে দিতে হয়েছে। পার্বত্য চট্টগ্রাম এখন দেশি-বিদেশি পর্যটকদের কাছে মূল আকর্ষণ। এখানকার উদ্যোক্তাদের প্রয়োজন টুরিস্টদের সেবাদানের দিকে মনোনিবেশ করা।

রবিবার (৬ এপ্রিল) বান্দরবান পার্বত্য জেলা পরিষদ অডিটোরিয়ামে বান্দরবান জেলার উদ্যোক্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে উপদেষ্টা সুপ্রদীপ চাকমা এসব কথা বলেন।

সুপ্রদীপ চাকমা বলেন, ‘উদ্যোক্তাদের সহযোগিতায় সবাইকে এগিয়ে আসতে হবে। নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি করে তাদের মাধ্যমে দেশের অর্থনীতির চাকাকে আরও গতিশীল করতে হবে।’

তরুণ প্রজন্মকে আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, ‘নিজের ভাগ্য উন্নয়নে পরনির্ভরশীলতা ছেড়ে উদ্যোক্তা হিসেবে কাজ করে সমাজে প্রতিষ্ঠিত হতে হবে।’ সুশিক্ষায় শিক্ষিত হয়ে আদর্শ ও উন্নত পার্বত্য চট্টগ্রাম গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি।

মতবিনিময় সভায় উদ্যোক্তারা পার্বত্য এলাকায় যোগাযোগ ব্যবস্থার আরও উন্নয়ন, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণে রাখা ও সহজ শর্তে ব্যাংক লোন পেতে সরকারের কাছে আহ্বান জানান।

এ সময় আরও উপস্থিত ছিলেন পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান অধ্যাপক খানজামা লুসাই, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব কংকন চাকমা, জেলা প্রশাসক শামীম আরা রিনি, পুলিশ সুপার শহিদুল্লাহ কাওছার, জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা নজরুল ইসলামসহ সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং উদ্যোক্তাবৃন্দ।

